FE The Financial Express


# BD's poverty reduction record not impressive

## Akbar Ali tells book launching ceremony

---

FE REPORT | March 12, 2020 00:00:00

---




Former Bangladesh Bank governor Dr Mohammed Farashuddin (centre), PRI Chairman Dr Zaidi Sattar (left) and former caretaker government adviser Dr Akbar Ali Khan at the launching ceremony of a book titled 'Daridrer Orthoniti: Otit, Bortoman O Bhobishshot' on Wednesday — FE photo

Former caretaker government adviser Dr Akbar Ali Khan on Wednesday said that Bangladesh is still on the bottom rung of 30 per cent countries in the world.

"I don't see any remarkable improvement in the country's poverty level," he said.

"If our country used to reach within 50 per cent of the list, then I will say it a significant improvement in the poverty reduction," he added.

He said around 40 poor nations were behind Bangladesh in the past. "Presently the picture is the same if the number of nations is considered," he added.

He said the World Bank used to measure poverty on 140 nations in the past and that time there were around 40 countries behind Bangladesh, and now it measures 213 nations and the country is above 40 nations.

He was critical of the existing World Bank's poverty limit or criterion. "I don't agree with the definition as it is based on some 13 developing nations."

He made the remarks while speaking on book "Direder Orthoniti: Oit, Bortoman O Bhobishshot (Economics of Poverty: Past, Present and Future).

The book launch function was held at the at the conference room of the PRI in the city.

Dr Mohammed Farashuddin, former governor of Bangladesh Bank, attended the function as the chief guest, where Dr Zaidi Sattar, chairman at the Policy Research Institute of Bangladesh, presided.

Speaking as the chief guest, Dr Mohammed Farashuddin warned the fourth industrial revolution will slash jobs for youths.

He said Bangladesh should give emphasis on the micro and small and medium enterprises as it creates much employment.

Speaking at the function, Dr Binayak Sen said the democracy is being beaten at the cost of development.

But there is choice of taking reference. "Will we take the example of Czech or Hungary, Rwanda or Botswana...."

He, however, said Bangladesh needs to containue on an average 6.0 per cent growth over the next 10-20 years.

Rizwanul Islam, former special adviser, Employment Sector, International Labour Office, former chairman of National Board of Revenue Abdul Mazid, and former commerce secretary Suhel Ahmed, spoke, among others, at the function.

*jasimharoon@yahoo.com*

https://today.thefinancialexpress.com.bd/last-page/bds-poverty-reduction-record-not-impressive-1583950932

DhakaTribune

# Lack of good governance intensifying income inequality, say economists

Ahmed Shawki

- Published at 10:59 pm March 11th, 2020




Participants display a book titled, ‘ Daridrer Orthoniti: Otit, Bortoman O Bhobishot’ by former caretaker government advisor Dr. Akbar Ali Khan at the Policy Research Institute of Bangladesh’s (PRI) office in the capital on Wednesday, March 11, 2020 **Mehedi Hasan/Dhaka Tribune**

They made the remarks at a book launching event titled, ‘ Daridrer Orthoniti: Otit, Bortoman O Bhobishot’

Lack of good governance in the financial sector was intensifying income inequality and politicians’ false claims on poverty eradication were affecting the country’s capacity to create new jobs, said economist on Wednesday.

They made the remarks at a book launching event titled, ‘ Daridrer Orthoniti: Otit, Bortoman O Bhobishot’ by former caretaker government advisor and economist Dr. Akbar Ali Khan at the Policy Research Institute of Bangladesh’s (PRI) office in the capital.

“Statesmen across the globe are claiming that there will be no poverty in the future and our leaders are no different. Both the government and Dr. Mohammad Yunus belief in this poverty projection. But the estimation is wrong as the country is still among the lowest 30% economies in the world as per a World Bank report,” Akbar said at the event.

“When we will become among the top 50% economies then it should be called progress,” adds the economist.

He termed the statesmen’s projections—Bangladesh will have no poverty after the next five year plan–wrong.

Rather such statements were reducing our capacity and readiness to fight poverty, he said.

He said considering economic and poverty progress since the independence in 1971 there was some advancement.

“But we also need to consider progress of the rest of the world and in that case Bangladesh did not make any significant progress,” he mentioned.

Questioning the lawmakers claim that the unemployment rate in the country is just 4.2%, he said, “I cannot help laughing hearing such comments in the parliament. There is no base for such figure,” he added.

Echoing Akbar, Dr. Binayak Sen. Research Director of Bangladesh Institute of Development Studies (BIDS) said the growing income inequality was an important concern when the development was taking place.

“We need to update the poverty line from the prescribed calorie-based poverty measurement. When it was done the situation was different, now we need to add new determinant for poverty measurement. Income inequality should be a major concern in this regard,” he said.

Centre for Policy Dialogue (CPD) executive Director Dr. Fahmida Khatun said the politician did not want to raise the bar of poverty line to save themselves.

“If the poverty bar is raised and updated then a large group of people will come under the poverty line suddenly. This will raise question about the success of the politicians,” she said.

“I agree with Dr. Akbar. According to World Economic Forum, one of the criteria of the SGD is reducing gender gap and it will take 99 years for the country to achieve that goal,” she said.

PRI Chairman Zaidi Sattar said it was not usual that the growth rate was high and the income inequality was high at the same time.

“It indicates unequal distribution of wealth,” he said.

Dr Mohammad Farashuddin, former Bangladesh Bank Governor, however, dismissed the claim of the speakers, saying there was no lack of good governance in the country.

https://www.dhakatribune.com/business/2020/03/11/lack-of-good-governance-intensifying-income-inequality-say-economists

NEW AGE

POVERTY REDUCTION

# Experts differ with govt

Staff Correspondent | Published: 01:18, Mar 12,2020 | Updated: 01:39, Mar 12,2020




Guests hold copies of the book written by former caretaker government adviser Akbar Ali Khan at its launch ceremony organised by Policy Research Institute at its office in the capital on Wednesday. — New Age photo

Experts at a discussion on Wednesday said the country's success story of reducing poverty did not match with many other indicators like growing inequality, employment, lack of good governance, low tax base and abysmal state of the banking sector.

Besides, they said the assessment of poverty with the World Bank yardstick of $1.9 and traditional method of calorie intake should be changed in the light of sustainable development goals to address the vicious cycle of poverty meaningfully.

The speakers gave the views as they were reviewing the book titled 'Daridrer Arthaniti: Atit, Bartaman O Bhabishyat' by former caretaker government adviser Akbar Ali Khan.

Local think-tank Policy Research Institute organised the event at its office in the capital.

Former Bangladesh Bank governor Mohammad Farashuddin, Akbar Ali Khan, PRI chairman Zaidi Sattar, Prothom Alo editor Matiur Rahman, Bangladesh Institute of Development Studies research director

Binayak Sen, former Bangladesh Bank chief economist MK Mujeri, Centre for Policy Dialogue executive director Fahmida Khatun and BRAC University economics and social science department chairman ATM Nurul Amin took part in the discussion.

While narrating the main features of his book briefly, Akbar Ali Khan said the country improved its poverty situation from what it was like in 1971, but the poverty reduction was not comprehensive if Bangladesh's case compared with other countries.

He said it would not be possible for the country to achieve the sustainable development goals by 2030.

He criticised prime minister Sheikh Hasina and Nobel laureate Muhammad Yusnus for making propaganda that the country's poverty was eliminated.

Focusing on the country's unemployment scenario, Akbar Ali said that it made him laugh when it was announced in parliament that the country's employment rate was over 4 per cent.

Binayak Sen said one third of the children in the country was facing stunted growth due to the prevailing inequality which threated efforts in poverty reduction.

Fahmida Khatun said many governments did not want change in poverty assessment yardstick as it would risk an increase in the number of the poor.

She said growing inequality, low tax base and suppression of the poor and the middle class would not have been possible if there was rule of law and discipline in the financial sector.

While addressing the session as chief guest Farashuddin argued that a country with high growth and good governance became very rare today.

He said Vietnam is an exceptional case where the magic of manufacturing capacity under a strict regulation.

Farashuddin, however, supported the view held by others on the country's tax-GDP ratio, which is below 9 per cent and one of the lowest in the world.

He said a financial sector reform was an imperative to collect tax from the affluent.

Zaidi Sattar chaired the session while PRI executive director Ahsan H Mnasur gave the welcome speech.

Zaidi Sattar said in his address that Akbar Ali in his book did not focus on inequality that grew initially alongside speedy economic growth.

He said the syndrome was acute in Bangladesh's case although China and South Korea did not experience such outcome.

https://www.newagebd.net/article/101960/experts-differ-with-govt

UNB
UNITED NEWS OF BANGLADESH

# Akbar Ali Khan’s magnum opus on poverty launched at PRI

- UNB NEWS
- DHAKA
- PUBLISH- MARCH 11, 2020, 11:19 PM
- UNB NEWS - UNB NEWS
- 197 VIEWS




*Photo: UNB*

A book on poverty named after ‘Daridrer Orthoniti, Otit, Bortoman O Bhobishshot’ (Economics of Poverty: Past, Present and Future) authored by noted economist and bureaucrat Dr Akbar Ali Khan was launched in the capital.

Former Bangladesh Bank governor Dr. Mohammcd Farashuddin launched the book as the chief guest of the event. Policy Research Institute of Bangladesh (PRI) organised the ceremony at its Conference Room in the city while its Chairman Dr Zaidi Sattar presided over the function.

Former Caretaker Government Adviser Dr. Akbar Ali Khan said people started to think about poverty before industrial revolution. Prior to it, they had thought of poverty as part of life. Then there was no thinking to eliminate poverty.

“However, there is now talk about ‘Sonar Bangla” in Bangladesh. I thought about the concept and its past analysis and wrote the book. Today poverty is the main problem in the world. From 1950 to 1990 the world witnessed the highest number of poverty-stricken population in history. Actually it was highest in 1970. The research with poverty mainly began from this time. I included recent poverty situation and probable problems in future in my book,” he added.

“I find it laughable when I hear around four percent unemployment in the country. It’s nothing but idle talk. How has Bangladesh improved to such position? I never saw such position of the country in the past,” the author said.

Citing Nobel laureate economist Amartya Sen, Akbar Ali said Bangladesh is not a model country because of less tax collection and problem of infrastructure and weak policy implementation capability of government.

“Bangladesh won’t succeed if the problems are not addressed. There is no proper initiative to resolve the weaknesses,” he added.

The economist added once WB collected data from 140-141 countries. Now they now collect data from 213 countries.

“It’s said that the poverty will be eliminated from Bangladesh. I don’t agree with it,” Akbar Ali said.

“The poverty won’t be eliminated in the next 50 or 100 years if we analyse the 189 objectives of Sustainable Development Goals (SDGs). All countries’ statesmen are now chanting slogan that they will eliminate poverty from world as they succeeded MDGs so they will also succeed in SDG too. I think it’s a wrong idea,” Akbar said.

Centre for Policy Dialogue (CPD) Dr. Fahmida Khatun said good governance is most important to reduce poverty.

PRI Executive Director Dr. Ahsan H. Mansur, Research Director of Bangladesh Institute of Development Studies (BIDS) Dr. Binayak Sen, Executive Director of Institute for Inclusive Finance and Development (InM) Dr. Mustafa K. Mujeri, Chairperson of Economics and Social Sciences Department at BRAC University Professor Dr. ATM Nurul Amin also spoke there.

http://unb.com.bd/category/Bangladesh/akbar-ali-khans-magnum-opus-on-poverty-launched-at-pri/46780

theindependent

NEWS

12 March, 2020 00:00 00 AM

# Akbar's book on poverty launched

**UNB, Dhaka**

A book on poverty named after 'Daridrer Orthoniti, Otit, Bortoman O Bhobishshot' (Economics of Poverty Past, Present and Future) authored by noted economist and bureaucrat Dr Akbar Ali Khan was launched in the capital. Former Bangladesh Bank governor Dr. Mohammcd Farashuddin launched the book as the chief guest of the event. Policy Research Institute of Bangladesh (PRI) organised the ceremony at its Conference Room in the city while its Chairman Dr Zaidi Sattar presided over the function.

Former Caretaker Government Adviser Dr. Akbar Ali Khan said people started to think about poverty before industrial revolution. Prior to it, they had thought of poverty as part of life. Then there was no thinking to eliminate poverty. "However, there is now talk about 'Sonar Bangla" in Bangladesh. I thought about the concept and its past analysis and wrote the book. Today poverty is the main problem in the world. From 1950 to 1990 the world witnessed the highest number of poverty-stricken population in history. Actually it was highest in 1970.

http://www.theindependentbd.com/printversion/details/240580




আকবর আলি খান রচিত *দারিদ্র্যের অর্থনীতি : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ* বইয়ের প্রকাশনা অনুষ্ঠানে (বাঁ থেকে) বিনায়ক সেন, আহসান এইচ মনসুর, এ টি এম নুরুল আমিন, জাইদী সাত্তার, মোহাম্মদ ফরাসউদ্দিন, লেখক, ফাহমিদা খাতুন। গতকাল রাজধানীর বনানীতে পলিসি রিসার্চ ইনস্টিটিউটের কার্যালয়ে। ছবি : প্রথম আলো

# দারিদ্র্য মাপার পদ্ধতি ত্রুটিপূর্ণ

## বইয়ের প্রকাশনা

প্রথমা থেকে প্রকাশিত আকবর আলি খানের দারিদ্র্যের অর্থনীতি : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ বই নিয়ে আলোচনা।

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

বেকারদের সংখ্যা নিয়ে প্রশ্ন তুলেছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা আকবর আলি খান। তিনি বলেছেন, 'সংসদে যখন বলা হয়, ৪ শতাংশ মানুষ বেকার, তখন হাসি পায়। এসব গালগল্প ছাড়া আর কিছুই নয়।'

গতকাল বুধবার নিজের রচিত *দারিদ্র্যের অর্থনীতি : অতীত, বর্তমান* ও *ভবিষ্যৎ* বইয়ের প্রকাশনা অনুষ্ঠানে আকবর আলি খান এসব কথা বলেন। প্রথমা প্রকাশন বইটি প্রকাশ করেছে। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) তাদের বনানী কার্যালয়ে এই অনুষ্ঠানের আয়োজন করে।

আকবর আলি খান দারিদ্র্য মাপার বর্তমান পদ্ধতিগুলোয় ত্রুটি আছে বলে মনে করেন। তিনি বলেন, শিল্পবিপ্লবের আগে দারিদ্র্যকে জীবনের অংশ মনে করা হতো। ১৯৫০ থেকে ১৯৯০ সাল পর্যন্ত পৃথিবীতে সবচেয়ে বেশি দরিদ্র লোক ছিল। তিনি মনে করেন, দারিদ্র্য মাপার যত পদ্ধতি আছে, সব কটিতেই কিছু না কিছু ত্রুটি আছে। যেমন টেকসই উন্নয়ন লক্ষ্যের (এসজিডি) ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্যের ভিত্তিতে যদি 'দারিদ্র্য থাকবে না' বিবেচনা করা হয়, তাহলে আগামী ৫০ থেকে ১০০ বছরেও দারিদ্র্য নির্মূল করা সম্ভব হবে না।

আকবর আলি খান আরও বলেন, 'দারিদ্র্য দূর করায় অন্য দেশের তুলনায় ভালো করছি'—এই বক্তব্যের সঙ্গে একমত নই। ১৯৭২-৭৩ সালে দারিদ্র্য বিমোচনে ৪০-৪২টি দেশের পেছনে ছিল বাংলাদেশ। তখন বিশ্বব্যাংকের সদস্য দেশ ছিল ১৪০টির মতো। এখন ২০৩টি দেশ। বাংলাদেশ এখন নিম্নতম ৩০ শতাংশ দেশের মধ্যে আছে।

প্রকাশিত বইয়ের ওপর আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) গবেষণা পরিচালক বিনায়ক সেন ১৯১৬ সালের ফরিদপুরের সেটেলমেন্ট কর্মকর্তা জেসি জ্যাকের একটি সমীক্ষার উদাহরণ টেনে দারিদ্র্যরেখার নতুন সংজ্ঞা নির্ধারণের পরামর্শ দেন। তিনি মনে করেন, জীবনযাত্রার মান ও জন-আকাঙ্ক্ষার ওপর ভিত্তি করে একটি স্বতন্ত্র দারিদ্র্যরেখা থাকা উচিত। আগামী ১০-২০ বছর কমপক্ষে গড়ে ৬ শতাংশ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করলে চরম দারিদ্র্য দূর হবে। এতে শক্তিশালী মধ্যবিত্ত শ্রেণির বিকাশ হবে, তারা সুশাসন প্রতিষ্ঠায় চাপ সৃষ্টি করতে পারবেন। তাঁর মতে, এখন গণতন্ত্র পিছু হটছে।

ইনস্টিটিউট ফর ইনক্লুসিভ ফিন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্টের (আইএনএম) নির্বাহী পরিচালক মুস্তফা কে মুজেরী বলেন, সব সময় দারিদ্র্য ও বৈষম্য ছিল।

এ দেশে দারিদ্র্য কমলেও বৈষম্য বাড়ছে বলে মনে করেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন। তাঁর মতে, আর্থিক খাত থেকে সম্পদ লুট করে বিদেশে পাচার করা হচ্ছে।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি ও সামাজিক বিজ্ঞান বিভাগের চেয়ারপারসন এ টি এম নুরুল আমিন বলেন, উন্নয়নের সঙ্গে সঙ্গে দারিদ্র্যরেখার পরিবর্তন করা উচিত।

*প্রথম আলো* সম্পাদক ও প্রথমা প্রকাশনের প্রকাশক মতিউর রহমান বলেন, সুশাসনের সমস্যা সমাধানে দারিদ্র্য নিরসন প্রয়োজন, গণতন্ত্র প্রয়োজন। গণতন্ত্র জবাবদিহিমূলক ব্যবস্থা গড়ে তোলে। এই গণতন্ত্র শুধু নামমাত্র গণতন্ত্র নয়। তিনি আরও বলেন, 'বই প্রকাশের জগতে এসে নতুন করে শিখলাম এ দেশের মানুষ বই পড়ে। গত সাত বছরে প্রথমা প্রকাশন থেকে আকবর আলি খানের ছয়টি বই প্রকাশ হয়েছে।'

উন্মুক্ত আলোচনা পর্বে আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সাবেক বিশেষ উপদেষ্টা রিজওয়ানুল ইসলাম মত দেন, বাংলা ভাষায় বুদ্ধিবৃত্তিক চর্চা হয় না বললেই চলে। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মনজুর আহমেদের মতে, ক্রমবর্ধমান সম্পদ ও আয়বৈষম্য দূর করতে নীতি প্রণয়ন করা দরকার। গণতন্ত্র বা আইনের শাসন না থাকলে সুশাসন কীভাবে প্রতিষ্ঠা পাবে?

সবশেষে বক্তব্য দেন প্রধান অতিথি বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন। তিনি বলেন, বাংলাদেশে ১৫ থেকে ৩০ বছর বয়সী পাঁচ কোটি তরুণ-তরুণীকে চতুর্থ শিল্পবিপ্লবের জন্য প্রস্তুত করতে হবে। ক্ষুদ্র ও মাঝারি শিল্পে জোর দিতে হবে। 'নয়-ছয়' সুদের হার নির্ধারণকে সরকারের সঠিক সিদ্ধান্ত নয় বলে মনে করেন মোহাম্মদ ফরাসউদ্দিন। তিনি ব্যাংক কমিশন নয়, আর্থিক খাত সংস্কারের পরামর্শ দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিআরআইয়ের চেয়ারম্যান জাইদী সাত্তার। আরও বক্তব্য দেন পিআরআইয়ের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর, কানাডার কনকর্ডিয়া ইউনিভার্সিটির সাবেক শিক্ষক মইনুল আহসান, সাবেক বাণিজ্যসচিব সোহেল আহমেদ চৌধুরী, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আবদুল মজিদ প্রমুখ।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়

# বৈশ্বিক বিবেচনায় দেশে দারিদ্র্য কমেনি : আকবর আলি খান

নিজস্ব প্রতিবেদক
১২ মার্চ ২০২০ ০০:০০ |আপডেট: ১২ মার্চ ২০২০ ০০:০৩

সাবেক তত্বাবধায়ক সরকারের উপদেষ্টা আকবর আলি খান বলেছেন, দারিদ্র্য বিমোচন সারাবিশ্বে রাজনৈতিক ইস্যু হয়ে দাঁড়িয়েছে। সবাই বলছে দারিদ্র্য কমছে। বাংলাদেশেও এ নিয়ে কথা হচ্ছে। সরকার আর ড. ইউনূস ঝগড়া করলেও দারিদ্র্য কমার বিষয়ে একমত। দুই পক্ষই বলে দারিদ্র্য কমেছে। সেটা হতে পারে ১৯৭১ সালের তুলনায়। কিন্তু বৈশি^ক পরিস্থিতি বিবেচনা করলে বাংলাদেশে

দারিদ্র্য কমেনি। গতকাল বুধবার নিজের লেখা 'দারিদ্র্যের অর্থনীতি : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ' বইয়ের মোড়ক উš§োচন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) তাদের বনানী কার্যালয়ে বইটির মোড়ক উš§োচনের আয়োজন করে। আকবর আলি খান বলেন, বিশে^ ব্যাপক পরিবর্তন এসেছে। মানুষের জীবনযাপন পাল্টে গেছে। এসব পরিপ্রেক্ষিতে দৈনিক আয় ও খাদ্য গ্রহণের বিবেচনায় এখন আর দারিদ্র্য পরিমাপের সুযোগ নেই। দারিদ্র্যের সংজ্ঞা ব্যাপক হচ্ছে। ফলে দারিদ্র্য পরিমাপ পদ্ধতিতে পরিবর্তন আনা দরকার।

তিনি বলেন, সরকার আগামী পঞ্চবার্ষিক পরিকল্পনায় দারিদ্র্য নির্মূল করা হবে এমন ধারণা দিচ্ছে। এর সুবিধা আছে। মানুষের আত্মবিশ^াস বাড়বে। কিন্তু অসুবিধা হচ্ছে, দারিদ্র্য জয়ের প্রস্তুতি কমে যাচ্ছে। বাংলাদেশ এখনো আদর্শ রাষ্ট্র নয়। জিডিপির ১০ শতাংশের কম কর আদায় করে আদর্শ রাষ্ট্র হওয়া যায় না। এ ছাড়া অবকাঠামো ও ক্রয়ক্ষমতার দুর্বলতা তো রয়েছেই।

অনুষ্ঠানে প্রধান অতিথি বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, চতুর্থ শিল্প বিপ্লব সর্বগ্রাসী হবে। বাংলাদেশের ১৫ থেকে ৩০ বছর বয়সী জনগোষ্ঠীর জন্য আগামীতে ভালো খবর নেই। তিনি বলেন, অর্থনৈতিক অগ্রগতি ধরে রাখতে জাপানের মতো ছোট, মাঝারি শিল্পে জোর দিতে হবে। বস্ত্র খাতে বড় শিল্প হতে পারে, যেটা আমদানির বিকল্প হবে। এর পাশাপাশি অর্থনীতিতে সংস্কার দরকার। বিশেষত কর আদায় বাড়াতে হবে। ব্যাংকের সুদহার প্রসঙ্গে তিনি বলেন, বাংলা সাহিত্যে নয়ছয় কথাটি দুষ্টু বা নেতিবাচক অর্থে ব্যবহার হয়। সরকারের এই সংখ্যায় যাওয়া ঠিক হয়নি। কোরিয়া ২৫ শতাংশ সুদে শিল্পায়ন করতে পারলে এখানে অসুবিধা কোথায়। তিনি চ্যালেঞ্জ জানিয়ে বলেন, সমান বা বেশি প্রবৃদ্ধি হচ্ছে এমন অন্য কোনো দেশেই বাংলাদেশের চেয়ে ভালো সুশাসন বা গণতান্ত্রিক পরিস্থিতি নেই।

বিআইডিএসের গবেষণা পরিচালক বিনায়ক সেন বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনাতে দারিদ্র্য মাপার পদ্ধতিতে পরিবর্তনের উদ্যোগ নেওয়া হচ্ছে। নগরায়ন বেড়েছে। অন্যান্য খাতেও পরিবর্তন এসেছে। ফলে আন্তর্জাতিক পদ্ধতির পাশাপাশি দেশীয় একটা অবস্থান থাকা দরকার। দারিদ্র্যের পাশাপাশি মানুষের জীবনযাপনে স্বস্তিরও একটা বিষয় রয়েছে। সেগুলো যোগ হবে। বাংলাদেশের খর্বাকৃতি মানুষ ও আয়বৈষম্য দুশ্চিন্তার বিষয়। তবে আগামী ১০ বছর গড়ে ৬ শতাংশ হারে প্রবৃদ্ধি হলে চরম দারিদ্র্য দূর হবে। শিক্ষিত মধ্যবিত্ত জং§ নেবে। দক্ষ জনশক্তিও তৈরি হবে। যারা সুশাসন, গণতন্ত্র নিয়ে কথা বলবে।

অনুষ্ঠানের সঞ্চালক পিআরআই চেয়ারম্যান জাইদি সাত্তার বলেন, দেশের অর্থনীতিতে প্রবৃদ্ধি হচ্ছে। এতে উন্নয়ন হচ্ছে। দারিদ্র্য কমছে। তবে বৈষম্যও বাড়ছে। কিন্তু চীন, কোরিয়া, তাইওয়ানে প্রবৃদ্ধির সঙ্গে বৈষম্যও কমেছে। এসব দেশে শ্রমঘন শিল্পের রপ্তানির মাধ্যমে প্রবৃদ্ধি হয়েছে। বাংলাদেশে প্রবৃদ্ধি হলেও বৈষম্য কেন বাড়ছে তা দেখা দরকার।

সিপিডির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, দারিদ্র্য কমলেও বৈষম্য কমেনি। কর ফাঁকি হচ্ছে। আর্থিক খাতে শৃঙ্খলা নেই। ভবিষ্যতের কথা মাথায় রেখে শিক্ষায় বরাদ্দ বাড়ানো দরকার।

স্বাগত বক্তব্য রাখেন পিআরআইর নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর। এ ছাড়া বিআইডিএসের সাবেক মহাপরিচালক মুস্তফা কে মুজেরী, আইএলওর সাবেক উপদেষ্টা রিজওয়ানুল ইসলাম, অধ্যাপক মইনুল আহসান, ব্র্যাক বিশ^বিদ্যালয়ের অধ্যাপক মনজুর আহমেদ, এটিএম নুরুল আমিন, এনবিআরের সাবেক চেয়ারম্যান আবদুল মজিদ প্রমুখ বক্তব্য রাখেন।

http://www.dainikamadershomoy.com/post/245754

# কালের কণ্ঠ

বইয়ের প্রকাশনায় বক্তারা

## দেশ অগ্রসর হলেও আয়বৈষম্য কমেনি

**নিজস্ব প্রতিবেদক**

১২ মার্চ, ২০২০ ০০:০০ | পড়া যাবে ২ মিনিটে

নানামুখী প্রকল্প গ্রহণ ও সরকারের উদ্যোগে দারিদ্র্যের হার কমলেও দেশে আয়বৈষম্য বাড়ছে। ১৯৭১ সালে দেশ স্বাধীনের পর যে দারিদ্র্য ছিল, তা এখন কমেছে ঠিকই কিন্তু দূর হয়নি।

ভবিষ্যতেও দূর করা সম্ভব হবে না। বরং ধনীর সঙ্গে দরিদ্রের আয়বৈষম্য প্রকট হচ্ছে। দেশকে এগিয়ে নিতে আয়বৈষম্য কমাতে হবে। দারিদ্র্য হ্রাস পেয়েছে ভেবে ঢিলেঢালা অবস্থান না নিয়ে সরকারকে আরো কাজ করতে হবে। দারিদ্র্যের সংজ্ঞায়নে আয়ের ভিত্তিতে বিশ্বব্যাংকের বেঁধে দেওয়া ধারণা থেকেও বের হয়ে আসতে হবে।

গতকাল বুধবার বিকেলে রাজধানীর বনানীতে গবেষণাপ্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) আয়োজিত অর্থনীতিবিদ ড. আকবর আলি খানের 'দারিদ্র্যের অর্থনীতি : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অর্থনীতিবিদ, গবেষক ও বিশিষ্টজনরা এসব কথা বলেন।

বইটি প্রকাশ করেছে প্রথমা প্রকাশন। পাঁচ খণ্ডে বইয়ে ১৫টি অধ্যায় রয়েছে, যাতে দারিদ্র্যের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ তুলে ধরেছেন লেখক ড. আকবর আলি খান। দেশ স্বাধীনের পর দারিদ্র্য নিরসনে কুমিল্লা মডেল, সামাজিক নিরাপত্তা কর্মসূচি, এনজিও ভূমিকা, ব্র্যাকের ফজলে হাসান আবেদের ভূমিকা, ড. মুহাম্মদ ইউনূসের ক্ষুদ্রঋণ কার্যক্রম ও ইসলামী ব্যাংকের ভূমিকার কথা তুলে ধরেছেন।

পিআরআই চেয়ারম্যান ড. জায়েদী সাত্তারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন। স্বাগত বক্তব্য দেন পিআরআই নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর।

ড. ফরাসউদ্দিন বলেন, 'বাংলাদেশের অর্জন অসাধারণ। এখন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে জোর দিতে হবে। অনেকে বলেছেন দেশে সুশাসন নেই, গণতন্ত্র নেই। আমি সবাইকে চ্যালেঞ্জ করছি—বাংলাদেশের সমান প্রবৃদ্ধি বা অর্থনৈতিক উন্নয়ন করছে এমন দেশ কোথায়, যেখানে বাংলাদেশের চেয়ে সুশাসন অনেক ভালো? বাংলাদেশের অর্জন অনেক সেটাও তো বলতে হবে।'

https://www.kalerkantho.com/print-edition/industry-business/2020/03/12/884793

সমকাল

শিল্প ও বাণিজ্য

# দারিদ্র্য পরিমাপ পদ্ধতিতে পরিবর্তন দরকার

**প্রকাশ:** ১৫ ঘণ্টা আগে

**সমকাল প্রতিবেদক**




সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা আকবর আলি খান বলেছেন, বিশ্বে ব্যাপক পরিবর্তন এসেছে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) বাস্তবায়ন শেষে এখন টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়ন চলছে। মানুষের জীবনযাপনের ধরন পাল্টে গেছে। ফলে দৈনিক আয় ও খাদ্য গ্রহণ বিবেচনায় এখন আর দারিদ্র্য পরিমাপের সুযোগ নেই। দারিদ্র্যের সংজ্ঞা ব্যাপক হচ্ছে। ফলে দারিদ্র্য পরিমাপ পদ্ধতিতে পরিবর্তন আনা দরকার।

গতকাল বুধবার নিজের লেখা 'দারিদ্র্যের অর্থনীতি :অতীত, বর্তমান ও ভবিষ্যৎ' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে আকবর আলি খান এসব কথা বলেন। গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) রাজধানী বনানীতে তাদের কার্যালয়ে প্রথমা প্রকাশন থেকে প্রকাশিত বইটির মোড়ক উন্মোচনের আয়োজন করে।

আকবর আলি খান বলেন, খাদ্য গ্রহণ বা দৈনিক আয়ের ভিত্তিতে দারিদ্র্য পরিমাপ করা হয়। কিন্তু বিশ্ব পাল্টে গেছে। এখন যেভাবেই পরিমাপ করা হোক কমবেশি ত্রুটি থেকে যাবে। তিনি বলেন,

বাংলাদেশ যে জায়গা থেকে শুরু করেছে, তা এখন আর খাপ খায় না। সরকার আর ড. ইউনূস ঝগড়া করলেও দারিদ্র্য কমার বিষয়ে তারা একমত। কিন্তু বৈশ্বিক পরিবেশ বিবেচনা করলে বাংলাদেশে দারিদ্র্য কমেনি। তিনি বলেন, সরকার আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে দারিদ্র্য নির্মূল করা হবে এমন ধারণা দিয়েছে। এর সুবিধা আছে। মানুষের আত্মবিশ্বাস বাড়বে। তবে অসুবিধা হলো, দারিদ্র্য জয়ের প্রস্তুতি কমে যাচ্ছে। বাংলাদেশ এখনও আদর্শ রাষ্ট্র নয়। কারণ জিডিপির ১০ শতাংশের কম কর আদায় করে আদর্শ রাষ্ট্র হওয়া যায় না।

অনুষ্ঠানের প্রধান অতিথি সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, চতুর্থ শিল্প বিপ্লব সর্বগ্রাসী হবে। বাংলাদেশের ১৫ থেকে ৩০ বছরের জনগোষ্ঠীর জন্য আগামীতে ভালো খবর নেই। তিনি বলেন, অর্থনৈতিক অগ্রগতি ধরে রাখতে জাপানের মতো ছোট ও মাঝারি শিল্পে জোর দিতে হবে। বস্ত্র খাতে বড় শিল্প হতে পারে, যেটা আমদানি বিকল্প হবে। এর পাশাপাশি অর্থনীতিতে সংস্কার দরকার। বিশেষ করে কর আদায় বাড়াতে হবে।

বিআইডিএসের গবেষণা পরিচালক বিনায়ক সেন বলেন, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দারিদ্র্য মাপার পদ্ধতিতে পরিবর্তনের উদ্যোগ নেওয়া হচ্ছে। নগরায়ণ বেড়েছে। অন্যান্য খাতেও পরিবর্তন এসেছে। ফলে আন্তর্জাতিক পদ্ধতির পাশাপাশি দেশীয় একটা অবস্থান থাকা দরকার। দারিদ্র্যের পাশাপাশি মানুষের জীবনযাপনে স্বস্তিরও একটা বিষয় রয়েছে।

অনুষ্ঠানের সঞ্চালক পিআরআইর চেয়ারম্যান জাইদি সাত্তার বলেন, দেশের অর্থনীতিতে প্রবৃদ্ধি হচ্ছে। এতে উন্নয়ন হচ্ছে। দারিদ্র্য কমছে। তবে বৈষম্যও বাড়ছে। বৈষম্য কেন বাড়ছে তা দেখা দরকার।

সিপিডির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, দারিদ্র্য কমলেও বৈষম্য কমেনি। কর ফাঁকি হচ্ছে। আর্থিক খাতে শৃঙ্খলা নেই। ভবিষ্যতের কথা মাথায় রেখে শিক্ষায় বরাদ্দ বাড়ানো দরকার। আর দারিদ্র্য পরিমাপের পদ্ধতিতেও পরিবর্তন আনা দরকার।

প্রথম আলো সম্পাদক মতিউর রহমান বলেন, প্রথমা এ পর্যন্ত সাড়ে পাঁচশ বই প্রকাশ করেছে। এর মধ্যে আকবর আলি খানের এই বইটি অন্যতম বড় প্রকাশনা।

স্বাগত বক্তব্য দেন পিআরআইর নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর।
https://samakal.com/todays-print-edition/tp-industry-trade/article/200331262/

দেশ রূপান্তর

*বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ড. ফরাসউদ্দিন*

# নয়-ছয় কথাটি দুষ্ট অর্থে ব্যবহার হয়

নিজস্ব প্রতিবেদক | ১২ মার্চ, ২০২০ ০০:০০

> সরকার আর ড. ইউনূস ঝগড়া করলেও দারিদ্র্য কমার বিষয়ে একমত : ড. আকবর আলি খান

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ব্যাংক ঋণের সুদহার নির্ধারণ করে দেওয়া প্রসঙ্গে বলেছেন, বাংলা সাহিত্যে নয়-ছয় কথাটি দুষ্ট বা নেতিবাচক অর্থে ব্যবহার হয়। সরকারের এ সংখ্যায় যাওয়া ঠিক হয়নি। দক্ষিণ কোরিয়া ২৫ শতাংশ সুদে শিল্পায়ন করতে পারলে এখানে অসুবিধা কোথায়?

গতকাল বুধবার তত্ত্বাবধায়ক সরকারের সাবেক অর্থ উপদেষ্টা ও সাবেক মন্ত্রিপরিষদ সচিব ড. আকবর আলি খানের 'দারিদ্র্যের অর্থনীতি : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর বনানীতে গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) কার্যালয়ে বইটির মোড়ক উন্মোচন করা হয়।

ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, চতুর্থ শিল্প বিপ্লব সর্বগ্রাসী হবে। বাংলাদেশের ১৫ থেকে ৩০ বছর বয়সী জনগোষ্ঠীর জন্য আগামীতে ভালো কোনো খবর নেই। তিনি বলেন, অর্থনৈতিক অগ্রগতি ধরে রাখতে জাপানের মতো ছোট, মাঝারি শিল্পে জোর দিতে হবে। বস্ত্র খাতে বড় শিল্প হতে পারে, যা আমদানি বিকল্প হবে। এর পাশাপাশি অর্থনীতিতে সংস্কার

দরকার। বিশেষ করে কর আদায় বাড়াতে হবে। তিনি বলেন, সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো বাংলাদেশের সমান বা বেশি প্রবৃদ্ধি হচ্ছে বিশ্বের এমন অন্য কোনো দেশেই বাংলাদেশের চেয়ে ভালো সুশাসন বা গণতান্ত্রিক পরিস্থিতি নেই।

আকবর আলি খান বলেন, বাংলাদেশে খাদ্যগ্রহণ বা দৈনিক আয়ের ভিত্তিতে দারিদ্র্য পরিমাপ করা হয়। কিন্তু বিশ্ব পাল্টে গেছে। তিনি বলেন, বাংলাদেশ যে জায়গা থেকে শুরু করেছে, তা এখন আর খাপ খায় না। সরকার আর ড. ইউনূস ঝগড়া করলেও দারিদ্র্য কমার বিষয়ে একমত। দুপক্ষই বলে দারিদ্র্য কমেছে। সেটা হতে পারে ১৯৭১ সালের তুলনায়। কিন্তু বৈশ্বিক পরিবেশ বিবেচনা করলে বাংলাদেশে দারিদ্র্য কমেনি। তিনি বলেন, সরকার আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে দারিদ্র্য নির্মূল করা হবে এমন ধারণা দিচ্ছে। তবে এর অসুবিধা হচ্ছে দারিদ্র্য জয়ের প্রস্তুতি কমে যাচ্ছে।

বিআইডিএসের গবেষণা পরিচালক বিনায়ক সেন বলেন, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে দারিদ্র্য মাপার পদ্ধতিতে পরিবর্তনের উদ্যোগ নেওয়া হচ্ছে। দারিদ্র্যের পাশাপাশি মানুষের জীবনযাপনে স্বস্তিরও একটা বিষয় রয়েছে। সেগুলো যোগ হবে। বাংলাদেশের খর্বাকৃতি মানুষ ও আয় বৈষম্য দুশ্চিন্তার বিষয়। তবে আগামী ১০ বছর গড়ে ৬ শতাংশ হারে প্রবৃদ্ধি হলে চরম দারিদ্র্য দূর হবে।

পিআরআই চেয়ারম্যান জাইদি সাত্তার বলেন, দেশের অর্থনীতিতে প্রবৃদ্ধি হচ্ছে। এতে উন্নয়ন হচ্ছে। দারিদ্র্য কমছে। তবে বৈষম্যও বাড়ছে। কিন্তু চীন, কোরিয়া, তাইওয়ানে প্রবৃদ্ধির সঙ্গে বৈষম্য কমেছে। বাংলাদেশে প্রবৃদ্ধি হলেও বৈষম্য কেন বাড়ছে তা দেখা দরকার।

অনুষ্ঠানে প্রথম আলো সম্পাদক মতিউর রহমান, পিআরআইয়ের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর, বিআইডিএসের সাবেক মহাপরিচালক মুস্তফা কে মুজেরী, আইএলওর সাবেক উপদেষ্টা রিজওয়ানুল ইসলাম, অধ্যাপক মইনুল আহসান, সিপিডির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মনজুর আহমেদ, এটিএম নুরুল আমিন, এনবিআরের সাবেক চেয়ারম্যান আবদুল মজিদ প্রমুখ বক্তব্য রাখেন।

https://www.deshrupantor.com/business-print/2020/03/12/203999

# দেশ অগ্রসর হলেও আয়বৈষম্য কমেনি

https://www.kalerkantho.com/online/business/2020/03/12/885040

BYকালের কন্ঠ অনলাইন



নানামুখী প্রকল্প গ্রহণ ও সরকারের উদ্যোগে দারিদ্র্যের হার কমলেও দেশে আয়বৈষম্য বাড়ছে। ১৯৭১ সালে দেশ স্বাধীনের পর যে দারিদ্র্য ছিল, তা এখন কমেছে ঠিকই কিন্তু দূর হয়নি। ভবিষ্যতেও দূর করা সম্ভব হবে না। বরং ধনীর সঙ্গে দরিদ্রের আয়বৈষম্য প্রকট হচ্ছে। দেশকে এগিয়ে নিতে আয়বৈষম্য কমাতে হবে। দারিদ্র্য হ্রাস পেয়েছে ভেবে ঢিলেঢালা অবস্থান না নিয়ে সরকারকে আরো কাজ করতে হবে। দারিদ্র্যের সংজ্ঞায়নে আয়ের ভিত্তিতে বিশ্বব্যাংকের বেঁধে দেওয়া ধারণা থেকেও বের হয়ে আসতে হবে।

গতকাল বুধবার বিকেলে রাজধানীর বনানীতে গবেষণাপ্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই) আয়োজিত অর্থনীতিবিদ ড. আকবর আলি খানের 'দারিদ্র্যের অর্থনীতি : অতীত, বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অর্থনীতিবিদ, গবেষক ও বিশিষ্টজনরা এসব কথা বলেন।

বইটি প্রকাশ করেছে প্রথমা প্রকাশন। পাঁচ খণ্ডে বইয়ে ১৫টি অধ্যায় রয়েছে, যাতে দারিদ্র্যের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ তুলে ধরেছেন লেখক ড. আকবর আলি খান। দেশ স্বাধীনের পর দারিদ্র্য নিরসনে

কুমিল্লা মডেল, সামাজিক নিরাপত্তা কর্মসূচি, এনজিও ভূমিকা, ব্র্যাকের ফজলে হাসান আবেদের ভূমিকা, ড. মুহাম্মদ ইউনূসের ক্ষুদ্রঋণ কার্যক্রম ও ইসলামী ব্যাংকের ভূমিকার কথা তুলে ধরেছেন।

পিআরআই চেয়ারম্যান ড. জায়েদী সাত্তারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন। স্বাগত বক্তব্য দেন পিআরআই নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর।

ড. ফরাসউদ্দিন বলেন, 'বাংলাদেশের অর্জন অসাধারণ। এখন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে জোর দিতে হবে। অনেকে বলেছেন দেশে সুশাসন নেই, গণতন্ত্র নেই। আমি সবাইকে চ্যালেঞ্জ করছি—বাংলাদেশের সমান প্রবৃদ্ধি বা অর্থনৈতিক উন্নয়ন করছে এমন দেশ কোথায়, যেখানে বাংলাদেশের চেয়ে সুশাসন অনেক ভালো? বাংলাদেশের অর্জন অনেক সেটাও তো বলতে হবে।'

http://hi5news.net/bangla-latest-news/kalerkantho/online/business/2020/03/12/885040